২৬। ফ্রান্সে, পূর্ব ইউরোপ, পশ্চিম আফ্রিকা এবং এশিয়া থেকে প্রায় ২০,০০০ পাচার হওয়া মহিলারা আছে। হে প্রভু, ফ্রান্সে খ্রীষ্টিয় সংস্থাগুলিকে পথ দেখাও যখন তারা বিপন্ন মহিলাদের সাহায্য করছে। (মথি ২৫:৩৫-৩৬)

২৭। হে ঈশ্বর, ভারতের আইন বিভাগের কতৃপক্ষরা যেন উপলব্ধি করতে পারে এবং তাদের যৌন পাচার বিরোধী আইনগুলি বলবৎ করতে পারে, অপরাধীদের শাস্তি দিতে পারে এবং ঘুঁষের বিষয়গুলি প্রত্যাখ্যান করতে পারে। (যাত্রা পুস্তক ২৩:৮)

২৮। হে প্রভু, মহিলাদের উদ্ধার করার জন্য এবং পুনরুদ্ধার করে তাদেরকে সমাজে ফিরিয়ে আনার জন্য  মানবপাচার নেটওয়ার্কগুলির মধ্য কীভাবে প্রবেশ করতে হবে সেই বিষয়টি আমাদের দেখাও যাতে তারা সমাজে মূল্য পায়, মর্যাদা এবং জীবনের উদ্দেশ্য খুঁজে পায় । (১ যোহন ১;৭)

২৯। হে প্রভু, যৌন এবং শ্রম পাচারের কারণে যে সমস্ত পরিবারগুলি তাদের কন্যা অথবা পুত্রকে হারিয়েছে সেই সমস্ত দুঃখার্ত পরিবারগুলিকে সান্ত্বনা দাও। (গীত ৬২:১-২)

৩০। হে প্রভু, তোমার মণ্ডলীকে জাগ্রত করো, কীভাবে মানব-পাচারচক্রকে চিহ্নিত করতে হবে সেই বিষয় অবগত হওয়ার দ্বারা তারা যেন এই সমস্যা সমাধানের একটি অংশ হতে পারে এবং বিশ্বাসীরা যখন কোনও রকমের অবৈধ কার্যকলাপের বিষয় সন্দেহ করবে তখন তারা যেন টিপ্ লাইনে (তথ্য জানানোর ফোন নম্বরে ফোন) করতে পারে। (যিহিস্কেল ৩৪:১১-১২)

## বাংলাদেশের জন্য বিশেষ প্রার্থনা

১। বর্তমানে বাংলাদেশে আবার করোনা প্রভাব প্রকট রূপ ধারণ করছে, এবং এক মাস হোল সমস্থ কিছু লক ডউন হয়ে আছে, যার কারণে অনেক মানুষ মারা যাচ্ছে, দরিত্রতার হার বৃদ্ধি পাচ্ছে, । তাই প্রার্থনা করবেন যেন ঈশ্বর তার মুখ বাংলাদেশের প্রতি উজ্জ্বল করেন, এবং বাংলাদেশের মানুষের পাপ ক্ষমা করে এই মহামারির হাত থেকে যেন সবাইকে রক্ষা করেন।

২। প্রতি বছর জুন মাস থেকে সেপ্টেম্বর মাস এই সময়টাতে বাংলাদেশে প্রচুর বৃষ্টিপাতও ঝড় হয় যার কারণে বন্যার পানিতে মানুষের ঘরবাড়ি ধ্বসে যায়, অনেক মানুষের প্রাণ যায়, এবং অনেকে নিঃস্ব হয়ে যায় যা বাংলাদেশের অর্থনীতিতে অনেক বিরূপ প্রভাব পরে। প্রার্থনা করবেন যেন এই বছর ঈশ্বর এই ঝড় বন্যার হাত থেকে বাংলাদেশকে ও বাংলাদেশের মানুষকে রক্ষা করেন।

৩। বাংলাদেশের অধিকাংশ মানুষ সীমিত আয় সীমার নিচে বসবাস করছে, এবং দিনদিন শিক্ষিত বেকারদের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। প্রার্থনা করবেন যেন বাংলাদেশের সকল স্তরের মানুষ দারিদ্র্যতার হাত থেকে বাঁচতে পারে, এবং মেয়েদের কর্মসংস্থান বৃদ্ধি পায়।

৪। বাংলাদেশের সর্বস্তরের মানুষ যেন সমাজে নারীদের স্থান নিশ্চিত করে এবং তাদের প্রাপ্য সম্মান দান করে, এবং নারীরা যেন ঈশ্বরের রাজ্য বিস্তারের জন্য অবদান রাখতে পারে এর জন্য বিশেষ প্রার্থনা করবেন।

৫। যে সমস্থ বিশ্বাসীগন বিভিন্ন ভাবে অত্যাচারিত হচ্ছে ঈশ্বর যেন তাদের ঢাল হয়ে সমস্থ বিপদ থেকে রক্ষা করেন এবং তাদের মধ্য দিয়ে বাংলাদেশে যেন ঈশ্বরের রাজ্য বৃদ্ধি পায় এর জন্য প্রার্থনা করবেন।

৬। বাংলাদেশের সরকার এবং যারা বাংলাদেশের সাংগঠনিক দায়িত্বে রয়েছেন তারা যেন দেশ ও দশের জন্য সৎভাবে কাজ করতে এর জন্য বিশেষ প্রার্থনা করবেন।

후원안내

국민은행 851-01-0003-724 북방선교방송

최초 입금 후 사무실로 연락주시기 바랍니다.

# Women of Hope

Prayer Calendar

২। প্রতি মাসে প্রকাশিত ‘প্রত্যাশাময়ী নারী’  নামক প্রার্থনা পঞ্জিকাটি ১০০টি ভাসায় অনুবাদিত হচ্ছে, এবং ৬৫০০০ এরও বেশি মানুষ এক সঙ্গে প্রার্থনা করছে।



**2021. 09.**

মানব  পাচার

সকল মানুষকে ঈশ্বরের প্রতিমূর্তিতে সৃষ্টি করা হয়েছে। নিজেকে নিজের বলে দাবী করতে, নিজের খুশি মতো জীবন যাপন করতে বা নিজেকে অন্যের কাছে বিক্রি করার অধিকার কারুর নেই। আসুন আমরা প্রার্থনা করি যে এই ভূখণ্ডে আর কেউ যেন মানব পাচারের শিকার না হয়।  "পরে ঈশ্বর আপনার প্রতিমূর্ত্তিতে মনুষ্যকে সৃষ্টি করিলেন; ঈশ্বরের প্রতিমূর্ত্তিতেই তাহাকে সৃষ্টি করিলেন, পুরুষ ও স্ত্রী করিয়া তাহাদিগকে সৃষ্টি করিলেন। পরে ঈশ্বর তাহাদিগকে আশীর্ব্বাদ করিলেন; ঈশ্বর কহিলেন, তোমরা প্রজাবন্ত ও বহুবংশ হও, এবং পৃথিবী পরিপূর্ণ ও বশীভূত কর, আর সমুদ্রের মৎস্যগণের উপরে, আকাশের পক্ষিগণের উপরে, এবং ভূমিতে গমনশীল যাবতীয় জীবজন্তুর উপরে কর্তৃত্ব কর"। (আদি ১: ২৭ - ২৮)

**TWR Korea 북방선교방송**

서울특별시 관악구 양녕로 15, 월드빌딩 6층

전화 (02)886-5671 / 이메일 phkorea@twrk.or.kr

# আন্তরিক ভাবে প্রার্থনা করছি।

১। হে পিতা,ইউক্রেনের বেকারদের রক্ষা করো এবং তাদেরকে প্রজ্ঞা দাও যাতে তারা বিদেশে কাজ করার সুযোগগুলির আকর্ষণীয় প্রস্তাবগুলির সহ মন্দ অভিপ্রায়যুক্ত লোকদের দ্বারা প্ররোচিত না হয়। (যাকোব ১:৫)

২।সর্বশক্তিমান ঈশ্বর, তুমি অসম্ভবকে সম্ভব করতে পারো। ভারতীয় পরিবারগুলিকে অর্থ উপার্জনের পথ করে দাও এবং তাদের হৃদয় পরিবর্তন করো যাতে তারা যৌন ব্যবসায় তাদের কন্যাদের বিক্রি করে না দেয়। এই মেয়েদের অধ্যয়ন করার এবং নতুন নতুন দক্ষতার বিষয়গুলি শিখতে সাহায্য করো। (মার্ক ১০:২৭)

৩। হে প্রভু, জার্মানীতে গুপ্তধন শ্রুতি নাটকের ধারাবাহিক সহ MP3 প্লেয়ার্স বিতরণ করার আরও অধিক সুযোগ করে দাও। পতিতালয়ের দ্বারা আক্রান্ত মহিলারা যেন hishiddentreasures.com ওয়েবসাইটটা খুঁজে পায় এবং তারা যেন সেই সমস্ত লোকদের সঙ্গে যোগাযোগ করতে পারে যারা তাদের যীশুতে আশ্রয় লাভের বিষয় সাহায্য করতে পারে। (গীত ৩৭:৪০)

৪। হে ঈশ্বর, আমরা দক্ষিণ আফ্রিকার মহিলাদের জন্য প্রার্থনা করি যারা পাচার হয়ে গিয়েছে কিন্তু তারা যে সমস্ত অভিজ্ঞতা লাভ করেছে সেই বিষয়ে ভয়ে কারও সঙ্গে এই বিষয় কথা বলতে পারে না। এই পরিস্থিতিগুলির মধ্যে যে মহিলারা আছে তাদের বিষয়ে আমাদের দৃষ্টি খুলে দাও এবং কীভাবে আমরা তাদের সাহায্য করতে পারি সেই বিষয়ে আমাদের প্রজ্ঞা দাও। (গীত ৩৯:২)

৫। হে পিতা, উত্তর সাইপ্রাসে যৌন পাচার হচ্ছে একটি সকলের জানা গোপন বিষয় (ওপেন সিক্রেট)। আইন প্রণেতাদের হৃদয় পরিবর্তন করো যাতে তারা এই চ্যালেঞ্জিং বিষয়টিকে কার্যকরীভাবে দেখার বিষয় সিদ্ধান্ত নিতে পারে। (হিতোপদেশ ২১:১)

৬। হে পিতা, ফিলিপাইনসে মাঝে মাঝেই শিশুরা পাচার হয়ে যায়। অনুগ্রহ করে এই শিশুদের দাসত্ব থেকে মুক্ত করো, তাদের আরোগ্য করো এবং তাদেরকে নিরাপদ আশ্রয়, খাদ্য, শিক্ষা এবং তোমাতে আশা দাও। (গীত ৮২:৪)

৭। হে ঈশ্বর, তানজানিয়ায় কষ্টকর জীবন যাপনকারী মহিলাদের জন্য প্রার্থনা করি। তারা মধ্যপ্রাচ্যে বিভিন্ন চাকরীর বিষয়ে প্রায় সময় আকর্ষিত হয়, যেখানে তাদের কিছু মহিলার সঙ্গে অসৎ ব্যবহার করা হয়, ধর্ষণ করা হয় অথবা হত্যা করা হয়। (যিরমিয় ২২:৩)

৮। অতিমারী চলাকালীন, সুইডেনে মানবপাচার বৃদ্ধি পেয়েছে কারণ সেখানে কোনও লকডাউন ছিল না এবং মহিলারা বিদেশ থেকে পতিতালয়ে কাজ করতে এসেছিল। হে পিতা, এই যুদ্ধে লড়াই করার জন্য আমরা আরও অধিক পুলিশের জন্য , দেশগুলির মধ্যে আরও ভালো পারস্পরিক সহযোগিতার জন্য এবং যে মহিলাদের উদ্ধার করা হচ্ছে তাদের পুনর্বাসনের বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতার জন্য প্রার্থনা করি। (গীত ১৮:১৭)

৯। হে পিতা, পোল্যাণ্ডের মুক্ত হওয়া কয়েদীদের আশ্রয় এবং কাজের ব্যবস্থা করে দাও। তাদেরকে বেআইনী কাজের প্রস্তাব এড়িয়ে যেতে সাহায্য করো যা তাদেরকে আবার কারাবন্দীত্বের দিকে চালিত করতে পারে। (হিতোপদেশ ২৪:১১)

১০। হে পিতা, কম্বোডিয়ার সেই সমস্ত মহিলা এবং বালিকাদের মন এবং হৃদয়কে সুস্থ করো যাদের পরিবারগুলি দারিদ্রের জন্য তাদেরকে বিক্রি করে দিয়েছে। তারা যেন খ্রীষ্ট বিশ্বাসীদের কাছ থেকে সাহায্য পায় এবং তোমাতে পরিত্রাণ এবং আশা খুঁজে পায়। (যিরমিয় ১৭:১৪)

১১। হে ঈশ্বর, লাইবেরিয় লোকদের হৃদয় এবং মনোভাবের পরিবর্তন করো যারা শিশুদের গ্রাম্য এলাকাগুলি থেকে বিভিন্ন শহরগুলিতে পাচার করে, একটি পরিবর্তন আনো যা এই কার্যকলাপ-গুলিকে বন্ধ করতে পারবে। এই শিশুদের আশ্রয়, খাদ্য, শিক্ষা এবং পরামর্শ দাও। (গীত ১২৭:৩)

১২। হে সর্বশক্তিমান সদাপ্রভু, শ্রমদানে বাধ্য করা বিপন্ন পর্তুগীজদের জন্য আমরা তোমার কাছে আর্তনাদ করি। আমরা প্রার্থনা করি তারা যেন সুন্দর জীবন এবং কাজ করার সুন্দর পরিবেশ লাভ করে। (গীত ৪০:১৭)

১৩। হে সদাপরভু, দক্ষিণ কোরিয়ার লোকদের মধ্যে পাপের বিষয় প্রত্যয় আনো এবং যাদের মধ্যে বুদ্ধির অক্ষমতা আছে তাদের উপর যারা অন্যায় সুযোগ গ্রহণ করে, তাদেরকে প্রহার করে, এবং উপযুক্ত পারিশ্রমিক না দিয়ে তাদেরকে ক্রীতদাসের মতো কাজ করায় সেই সমস্ত লোকদের মন পরিবর্তন করো। (লেবীয় ২৫:১৭)

১৪। হে ঈশ্বর, আমরা প্যারাগুয়ের মহিলাদের জন্য প্রার্থনা করি যাদের ইউরোপের বিভিন্ন পতিতালয়গুলিতে প্রলোভিত করে ঠকানো হয়েছিল। অনুগ্রহ করে তাদেরকে ঘরে ফিরিয়ে আনো যাতে তারা তাদের পরিবারগুলির সঙ্গে এবং তোমার সঙ্গে মিলিত হতে পারে। (দ্বিঃবিঃ ৩০:২-৪)

১৫। হে প্রভু, ফিনল্যাণ্ডে মানবপাচারকারীদের চিহ্নিত করার জন্য এবং এই বিষয়ে তদন্ত করার জন্য পুলিশ বাহিনী যে অধিক প্রচেষ্ট চালাচ্ছে এবং অধিক উৎসগুলি ব্যবহার করছে তার জন্য তোমাকে ধন্যবাদ দিই। বিপন্নদের আরও ভালোভাবে সাহায্য করার জন্য আইন পরিবর্তন করার বিষয়ে আমরা কৃতজ্ঞ। (গীত ১৪৩:৯)

১৬। হে প্রভু, যারা তোমায় আঘাত করেছিল তাদের প্রতি তোমার ক্ষমার এই উদাহরণটি আমরা যেন মনে রাখি – "কারণ তারা কি করছে তারা তা জানে না" (লূক ২৩:৩৪) –যারা মহিলাদের জীবনের মূল্য দেয় না এবং তাদের বেইনীভাবে ব্যবহার করে সেই সমস্ত লোকদের সঙ্গে আমরা যখন মোকাবিলা করবো তখন তুমি আমাদের সাহায্য করো ।

১৭। হে প্রভু, রোমানীয়ার সেই সমস্ত মহিলাদের জীবনে পরিত্রাণ আনো এবং তাদের পুনরুদ্ধার করো যাদের বিভিন্ন দেশে পাচার করা হয়েছে। খ্রীষ্টিয় সমাজগুলি এবং মানবপাচার বিরোধী সংস্থাগুলি যেন তাদের হয়ে কার্যকরীভাবে লড়াই করতে পারে। (গীত ৪০:১৩)

১৮। হে ঈশ্বর, সেই সমস্ত রাশিয়ার অধিবাসীদের জন্য প্রার্থনা করি যারা উত্তর ককেশাসে যুদ্ধ চলাকালীন দাসে পরিণত হয়েছিল। যারা মুক্ত হয়েছে তাদের মধ্যে যারা পরিচর্যা করছেন তারা যেন তোমার কাছ থেকে প্রজ্ঞা লাভ করতে পারে। (গীত ২২:২৪)

১৯। হে করুণাময় ঈশ্বর, ইথিওপীয়ায় যে পাচার হওয়া মহিলারা টিকে আছে তাদের জন্য আমরা প্রার্থনা করি, তারা যেন পুনর্বাসন এবং পুনরায় প্রবর্তিত সংহতির মধ্যে প্রবেশাধিকার পায়। ইথিওপীয়ার আইন প্রণেতাদের সাহায্য করো তারা যেন অভিবাসন এবং মানবপাচার নীতিগুলিকে সঠিকভাবে পুনর্গঠিত করতে পারে। (১ তীমথিয় ১:৮-১১)

২০। হে সর্বশক্তিমান ঈশ্বর, আমরা ডেনমার্কের পাচার হওয়া মহিলাদের জন্য প্রার্থনা করি, যাদের মধ্যে কয়েক জন প্রধানত নাইজেরিয়ার খ্রীষ্টান এলাকার অন্তর্ভুক্ত, তারা যেন তোমাকে ডাকে (গীত ২৭:১)

২১। হে ঈশ্বর, ইন্দোনেশিয়ার সাতটি পরিচর্যাকারী সংস্থাগুলিকে প্রজ্ঞা দাও যারা মানব পাচারকারীদের সঙ্গে লড়াই করতে প্রস্তুত এবং যারা দেশান্তরীত কর্মীদের সুরক্ষিত করার জন্য জাতিসঙ্ঘের বিশ্ব পারস্পরিক শর্তাবদ্ধ চুক্তি অনুসরণ করতে প্রস্তুত। (হিতোপদেশ ২:৭-৮)

২২। হে প্রভু, উরুগুয়েতে মানবপাচার বিরোধী আইন থাকলেও,সমস্যাটি হচ্ছে এটি নিয়ন্ত্রণ করা কঠিন। অনুগ্রহ করে উরুগুয়ের মহিলাদের এবং বালিকাদের মুক্ত করো যাদের কাছে ইউরোপের বিভিন্ন দেশে ভালো চাকরী দেওয়ার প্রতিজ্ঞা করা হয়েছিল কিন্তু তার পরবর্তে তাদেরকে দাসত্বে পরিণত করা হয়েছিল। (যিশাইয় ৬১:১)

২৩। বিশ্বস্ত পিতা, কোটে ডি'আইভরির কফি এবং কোকোয়া ক্ষেত্রে যে সমস্ত শিশুদের কাজ করতে বাধ্য করা হচ্ছে তাদের সহবর্তী হও। দরিদ্র পরিবারগুলি যেন তাদের সন্তানদের বিক্রি করার পরিবর্তে তাদের সুরক্ষা করে। (মথি ১৯:১৪)

২৪। স্পেনে, হে প্রভু, মানবপাচারকারীরা প্রতিদিন ৫ মিলিয়ন ইউরোর কারবার করে।আমরা প্রার্থনা করি যাতে পাচারকারীরা বিচারিত হয়, তারা যেন তাদের পাপ থেকে তোমার কাছে ফিরে আসে এবং রূপান্তরিত হয়। (যিশাইয় ১:১৭)

২৫। হে পবিত্র ঈশ্বর, পুলিশের রিপোর্ট অনুযায়ী কানাডায় মানবপাচারে শতকরা ৯৭ ভাগই হচ্ছে মহিলা এবং বালিকা, তাদের অর্ধেকের বয়েস ১৮ থেকে ২৪ এর মধ্যে। যারা সহজেই পাচার হতে পারে, তাদের সুরক্ষিত করার উদ্দেশে মানবপাচার চক্রের বিরুদ্ধে লড়াই করার জন্য কানাডার ২০১৯ সালের রণকৌশল ব্যবহার কর, বিপন্নদের উদ্ধার কর এবং অপরাধীদের থামাও। (২পিতর ২:৯-১০ক)